আসছে শীতে বিয়ে করার সেরা সময় কেন? জানুন কারণগুলো!



সংগৃহীত ছবি

বাংলাদেশে বছরের অন্য সময়ের তুলনায় শীতকাল বরাবরই বিয়ের জন্য সবচেয়ে জনপ্রিয়। নভেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত চলে বিয়ের হিড়িক। প্রখর রোদ, ঘাম বা গরমের অস্বস্তি না থাকায় সবাই নির্ভার হয়ে আয়োজন করতে পারেন জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ অনুষ্ঠানটি। শীতকাল কেবল আবহাওয়ার স্বস্তিই দেয় না, বরং এতে কিছু বাড়তি সুবিধা রয়েছে, যা নবদম্পতি থেকে শুরু করে অতিথি—সবাইকে স্বস্তি দেয়।

বছরের শেষ দিকে স্কুল, কলেজ ও অনেক অফিসে দীর্ঘ ছুটি থাকে, যা বিয়ের আয়োজন সহজ করে। পরিবার একসাথে সময় কাটাতে পারে, আয়োজনের চাপও কম থাকে, ফলে অনুষ্ঠানটি হয়ে ওঠে উৎসবমুখর ও আনন্দময়। শীতকালে পরিবেশ আরামদায়ক হওয়ায় প্যান্ডেল সাজানো, অতিথি দেখভাল এবং বর-কনেকে নিয়ে যাতায়াত সহজ হয়ে ওঠে। খাবারের আয়োজনেও স্বস্তি থাকে, সবাই নিশ্চিন্তে ভোজ উপভোগ করতে পারে, এবং ভোগান্তি কম হয়।

সাজ-সজ্জার ক্ষেত্রেও শীতকাল উপযোগী। গরমে ঘামে মেকআপ নষ্ট হয়ে যায়, কিন্তু শীতে মেকআপ দীর্ঘস্থায়ী থাকে। কনে ও অতিথিরা স্বস্তিতে সাজ ধরে রাখতে পারেন, যা অনুষ্ঠানের আভিজাত্য বাড়ায়। এছাড়া শীত হলো ফুলের ঋতু। গোলাপ, রজনীগন্ধা, চন্দ্রমল্লিকা, গাঁদা, ডালিয়া ইত্যাদি টাটকা ফুল এই সময়ে সহজেই পাওয়া যায়। কৃত্রিম ফুলের প্রয়োজন পড়ে না, পুরো আয়োজন প্রাকৃতিক সৌন্দর্যে রঙিন হয়।

শীতকাল আরও সাশ্রয়ী। ফ্যান বা এসি ব্যবহার প্রয়োজন পড়ে না, ফলে বিদ্যুৎ খরচ কমে। গরমের তুলনায় ফল এবং পানীয়ের খরচও কম হয়, যা বাজেটকে কিছুটা হলেও স্বস্তি দেয়। সব মিলিয়ে, শীতকাল মানেই স্বস্তি, সৌন্দর্য ও সাশ্রয়ের বিয়ে মৌসুম। তাই প্রতি বছরই শীতে বিয়ের হিঁড়িক পড়ে, এবং অনুষ্ঠানটি হয়ে ওঠে আনন্দময় ও স্মরণীয়।